# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

## বার্ষিক অডিট রিপোর্ট

# ২০১১-২০১২

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়) এবং শিক্ষা মন্ত্রণালয় এর ২০১১-২০১২ অর্থ বছরের বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহের হিসাব সম্পর্কিত

## (প্রথম খন্ড)

## বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচীপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর প্রত্যয়ন | ক |
| ২. | মহাপরিচালকের বক্তব্য | খ |
| ৩. | প্রথম অধ্যায় | ১ |
| ৪. | অডিট আপত্তিসমূহের সংক্ষিপ্ত বিবরণ | ৩ |
| ৫. | অডিট বিষয়ক তথ্য | ৪ |
| ৬. | ম্যানেজমেন্ট ইস্যু | ৪ |
| ৭. | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | ৫ |
| ৮. | অডিটের সুপারিশ | ৫ |
| ৯. | দ্বিতীয় অধ্যায় | ৭ |
| ১০. | Acronyms | ৯ |
| ১১. | অডিট আপত্তির বিস্তারিত বিবরণঃ | ১০-২৪ |
| | মহাপরিচালকের স্বাক্ষর | ২৪ |

ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশন্স) (এ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ১৯৭৫ অনুযায়ী মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এই অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ ---১২-০৪-১৪২২--- বঙ্গাব্দ
২৭-০৭-২০১৫ খ্রিস্টাব্দ

স্বাক্ষরিত
মাসুদ আহমেদ
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

খ

# মহাপরিচালকের বক্তব্য

বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরের নিরীক্ষাধীন ০৩টি মন্ত্রণালয়ের [স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়) এবং শিক্ষা মন্ত্রণালয়] বিভিন্ন প্রকল্পের ২০১১-২০১২ ও তদ্‌পূর্ববর্তী বছরের আর্থিক কর্মকান্ড নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট করা হয়েছে। এ রিপোর্টে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের যে সকল আর্থিক অনিয়ম অন্তর্ভুক্ত করা হয়েছে তা বিবেচ্য সময়ের অথবা পূর্ববর্তী সময়ের সমগ্র লেনদেনের যে ক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হয়েছে তারই প্রতিফলন মাত্র। এ রিপোর্টের আপত্তি ও মন্তব্য উদাহরণমূলক এবং তা কোন মতেই উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের আর্থিক শৃঙ্খলার মান সম্পর্কিত পূর্ণাঙ্গ চিত্র নয়। রিপোর্টটি দুই খন্ডে প্রণীত হয়েছে। প্রথম খন্ডের প্রথম অধ্যায়ে ম্যানেজমেন্ট ইস্যু এবং অডিট অনুচ্ছেদসমূহের সার-সংক্ষেপ এবং দ্বিতীয় অধ্যায়ে অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ প্রদান করা হয়েছে। মূল রিপোর্টের কলেবর বৃদ্ধি না করে আপত্তি সংশ্লিষ্ট প্রমাণক ও বিস্তারিত পরিসংখ্যান (পরিশিষ্টসমূহ) পৃথক একটি খন্ডে অর্থাৎ দ্বিতীয় খন্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এ রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়মগুলো পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত প্রতিষ্ঠানগুলোর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যাপ্ত না হওয়ায় অনিয়মগুলো সংঘটিত হয়েছে। অনিয়মসমূহ দূরীকরণের জন্য অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

স্বাক্ষরিত

এ কে এম জসীম উদ্দিন
মহাপরিচালক
বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর
ঢাকা।

তারিখ ২৫-০৩-১৪২২ বঙ্গাব্দ
০৮-০৭-২০১৫ খ্রিস্টাব্দ

# প্রথম অধ্যায়

## (অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

# অডিট আপত্তিসমূহের সংক্ষিপ্ত বিবরণ

| অনুচ্ছেদ নং | শিরোনাম | জড়িত অর্থ |
|---|---|---|
| | **স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়** | |
| ০১ | সরকারি ক্রয় নীতি অনুসরণ না করে খুচরা ভাউচারের মাধ্যমে নগদে প্রশিক্ষণ সামগ্রী অনিয়মিতভাবে ব্যয়। | ৬,৬৬,০২,০০০.০০ |
| ০২ | অনিয়মিতভাবে পোস্টার ছাপানো বাবদ খরচ। | ৩৭,২০,০০০.০০ |
| ০৩ | উন্মুক্ত দরপত্র আহ্বান ব্যতীত বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ের জন্য অনিয়মিতভাবে খরচ। | ১,০৫,৬০,৩৮৫.০০ |
| ০৪ | বাজারদর অপেক্ষা অধিকতর উচ্চ দরে এমএসআর ক্রয় করায় অতিরিক্ত ব্যয়। | ৮১,৯৯,৬৫১.০০ |
| | মোট : | ৮,৯০,৮২,০৩৬.০০ |
| | **স্থানীয় সরকার বিভাগ** | |
| ০৫ | ভ্যাট ও আয়কর অর্থ বাবদ সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ৪,৩৬,২২,৫৪৮.০০ |
| ০৬ | প্রকল্প তহবিল হতে প্রকল্প কার্যক্রমের বাহিরে অন্য হিসাবে স্থানান্তর । | ১০,০০,০০,০০০.০০ |
| ০৭ | সিডি ভ্যাট বাবদ ছাড়কৃত টাকা হিসাব চলতিতে জমা না করে প্রকল্পের অপারেটিং ব্যাংক হিসাবে জমা । | ১৮,১৫,০০,০০০.০০ |
| ০৮ | জিওবি'র অব্যয়িত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি। | ৪০,৯০,০০০.০০ |
| ০৯ | Standard bidding document অনুযায়ী প্রাপ্যতা বহির্ভূতভাবে স্থানীয় এজেন্টকে পরিশোধজনিত ক্ষতি। | ৫৫,০০,০০০.০০ |
| ১০ | Standard bidding document অনুযায়ী প্রাপ্যতা বহির্ভূতভাবে কার্য সম্পাদন, জামানত এবং অগ্রিম প্রদান গ্যারান্টি বাবদ ঠিকাদারকে টাকা পরিশোধজনিত ক্ষতি। | ৩০,০০,০০০.০০ |
| ১১ | Standard bidding document অনুযায়ী প্রাপ্যতা বহির্ভূতভাবে বীমার জন্য পরিশোধজনিত ক্ষতি। | ১৮,০০,০০০.০০ |
| | মোট : | ৩৩,৯৫,১২,৫৪৮.০০ |
| | **শিক্ষা মন্ত্রণালয়** | |
| ১২ | জালিয়াতির মাধ্যমে আসবাবপত্র ক্রয়ে অতিরিক্ত পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১৪,০০,০০০.০০ |
| ১২টি | সর্বমোট : | ৪২,৯৯,৯৪,৫৮৪.০০ |

# অডিট বিষয়ক তথ্য ঃ

- **নিরীক্ষা অর্থ বছর**
  - ২০১১-২০১২

**নিরীক্ষিত প্রতিষ্ঠান ঃ**

০১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ঃ

- স্বাস্থ্য অধিদপ্তর

০২। স্থানীয় সরকার বিভাগ ঃ

- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- চট্টগ্রাম ওয়াসা
- ঢাকা ওয়াসা

০৩। শিক্ষা মন্ত্রণালয় ঃ

- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

**নিরীক্ষার প্রকৃতি ঃ**

- আর্থিক ও নিয়মানুগ নিরীক্ষা।
- অডিট পদ্ধতি ঃ
  - সংশ্লিষ্ট প্রকল্পসমূহ অডিটের জন্য নির্বাচনের পর প্রকল্প পরিচালকের অফিস হতে নিম্নোক্ত তথ্যাদি সংগ্রহ করা হয় ঃ
  - আর্থিক বিবরণী।
  - ডিপিপি/টিপিপি/ডিসিএ।
  - অর্থ ছাড়পত্র (এডিপি বরাদ্দ অনুযায়ী)।
  - প্রকল্পের ব্যাংক বিবরণী।
  - প্রয়োজনীয় অন্যান্য তথ্যাদি বিশ্লেষণ।

  উপরে বর্ণিত ও প্রাসংগিক অন্যান্য তথ্যাদি বিশ্লেষণ এবং পরীক্ষামূলক স্থানীয় নিরীক্ষা।

- **অডিট রিপোর্ট প্রণয়নে সার্বিক তত্ত্বাবধানে যাঁরা ছিলেন ঃ**

  ১। জনাব এ কে এম জসীম উদ্দিন, মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর।

  ২। FAPAD এর সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা/কর্মচারী।

- **ম্যানেজমেন্ট ইস্যু ঃ**
  - ডিপিপি/ডিসিএ মোতাবেক প্রাপ্ত সম্পদের ব্যবহার সম্পর্কে নিশ্চিত হওয়া।
  - সরকারি সম্পদের অপচয়, চুরি, ঘাটতি, ক্ষতি ইত্যাদি নিরূপণ এবং রাজস্ব (আয়কর/ভ্যাট) আদায় ও সরকারি কোষাগারে জমা সম্পর্কে নিশ্চিত হওয়া।
  - আর্থিক অব্যবস্থাপনার বিষয়াদি চিহ্নিত করা এবং সরকারি আর্থিক শৃংখলা নিশ্চিতকরণ।

**অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ ঃ**

- কার্যকর পরিকল্পনার অভাব।
- ডিপিপি/টিপিপি/ডিসিএ বহির্ভূত ব্যয়।
- সরকারি আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন না করা।

**অডিটের সুপারিশ ঃ**

- প্রকল্পের অব্যয়িত ও আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।
- অনুমোদিত পিপি'র মধ্যে যাবতীয় ব্যয় সীমাবদ্ধ রাখা আবশ্যক।
- সরকারি বিধি-বিধান অনুযায়ী ব্যয় করা আবশ্যক।
- দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করা আবশ্যক।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা জোরদার করা আবশ্যক।
- সকল ক্ষেত্রে অনিয়মসমূহের জন্য দায়-দায়িত্ব নির্ধারণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যক।
- ক্রয়/জনবল ও পরামর্শক নিয়োগ/ভান্ডার ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকারি/উন্নয়ন সহযোগীর নিয়মনীতি অনুসরণ করা আবশ্যক।
- নিরীক্ষার নিকট নিরীক্ষাযোগ্য কাগজপত্র উপস্থাপন নিশ্চিত করা আবশ্যক।

# দ্বিতীয় অধ্যায়
## (অডিট অনুচ্ছেদসমূহ)

## Abbreviations & Glossary

| | | | |
|---|---|---|---|
| ১। | PPR | = | Public Procurement Rules |
| ২। | GOB | = | Government of Bangladesh |
| ৩। | LGED | = | Local Government Engineering Department |
| ৪। | IDB | = | Islamic Development Bank |
| ৫। | ADB | = | Asian Development Bank |
| ৬। | IDA | = | International Development Agency. |
| ৭। | IPC | = | Interim Payment Certificate |
| ৮। | HNPSP | = | Health Nutrition and Population Sector Programme |
| ৯। | LD | = | Line Director |
| ১০। | CDC | = | Communicable Disease Control |
| ১১। | CMSD | = | Central Medical Stores Department |
| ১২। | GCC | = | General Conditions of Contract. |
| ১৩। | PS | = | Performance Security |
| ১৪। | SD | = | Security Deposit |
| ১৬। | NBR | = | National Board of Revenue |
| ১৭। | NGO | = | Non Government Organization |
| ১৮। | RDPP | = | Revised Development Project Proforma |
| ১৯। | MOU | = | Memorendum of Understanding |
| ২০। | JV | = | Joint Venture |
| ২১। | NNS | = | National Nutrition Services |
| ২২। | JBIC | = | Japan Bangladesh International Co-operation |
| ২৩। | OTM | = | Open Tendering Method |
| ২৪। | RFQ | = | Request For Quotation |

৩—

# স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**অনুচ্ছেদ নং-০১ ঃ**

শিরোনাম ঃ সরকারি ক্রয় নীতি অনুসরণ না করে খুচরা ভাউচারের মাধ্যমে নগদে প্রশিক্ষণ সামগ্রী ক্রয়ে অনিয়মিত ব্যয় ৬,৬৬,০২,০০০.০০ টাকা।

বিবরণ ঃ

✓ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন আইডিএ অর্থায়নে বাস্তবায়িত হেলথ্ পপুলেশন এন্ড নিউট্রিশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম এর ২০১১-২০১২ খ্রিঃ অর্থ বছরের হিসাব লাইন ডাইরেক্টর, নন-কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল কার্যালয়ে ১৬-০৯-২০১২ খ্রিঃ হতে ২৯-১১-২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়।

✓ প্রকল্পের বিল/ভাউচার এবং সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র নিরীক্ষাকালে দেখা যায় যে, প্রকল্প কর্তৃপক্ষ বিধি বহির্ভূতভাবে ৬,৬৬,০২,০০০.০০ টাকার প্রশিক্ষণ সামগ্রী ক্রয় করেছেন।

**বিস্তারিত পর্যালোচনায় নিম্নোক্ত অনিয়মসমূহ পরিলক্ষিত হয় ঃ**

✓ প্রকল্প কর্তৃপক্ষ আলোচ্য প্রশিক্ষণ সামগ্রী ক্রয় কার্যে কোন উন্মুক্ত দরপত্র আহ্বান করেননি যা পিপিআর-২০০৮ এর ৬১ বিধির সুস্পষ্ট লঙ্ঘন;

✓ সকল ক্রয় খুচরা ভাউচারের মাধ্যমে করা হয়েছে এবং প্রতিটি ভাউচার মূল্য ১৪,০০০.০০ টাকা। এছাড়া কোন ভাউচারে ক্রয়ের তারিখও উল্লেখ করা হয়নি।

✓ সকল প্রশিক্ষণ ভেন্যু ঢাকার বাইরে হলেও ঢাকায় অবস্থিত দু'টি দোকান (নাদিয়া পেপার এন্ড স্টেশনারি সাপ্লাই এবং রয়েল পেপার এন্ড স্টেশনারি সাপ্লাই) হতে ক্রয় দেখানো হয়েছে। মালামাল সংগ্রহে কোন রকম বিতরণ রেজিস্টার, পরিবহন বহি কিংবা গ্রহণ সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করা হয়নি। ফলে মালামাল ক্রয় ও বিতরণ সম্পর্কে নিশ্চিত হওয়া যায়নি।

✓ বিস্তারিত পরিশিষ্ট-"১" তে দেখানো হলো।

✓ অধ্যাপক ডাঃ খোন্দকার মোঃ সিফায়েত উল্লাহ উক্ত সময়ে লাইন ডাইরেক্টর হিসেবে দায়িত্বে নিয়োজিত ছিলেন।

**নিরীক্ষিত অফিসের জবাব ঃ**

✓ অর্থ ছাড়ের বিলম্বের কারণে এবং সময় স্বল্পতার কারণে উন্মুক্ত দরপত্র আহ্বান করা হয়নি। ৬টি কম্পোনেন্ট এর জন্য ৬ জন ডিপিএম এর চাহিদার ভিত্তিতে কোটেশনের মাধ্যমে ক্রয় করা হয়।

✓ ০৬-০৩-২০১৩ খ্রিঃ এবং ০৫-০৯-২০১৩ খ্রিঃ তারিখে ২টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। ত্রি-পক্ষীয় সভায় প্রমাণকসহ বিস্তারিত জবাব প্রদানের সিদ্ধান্ত হয়।

**নিরীক্ষার মন্তব্য ঃ**

✓ জবাব সন্তোষজনক নয়। অপারেশন প্ল্যান অনুযায়ী কাজ সম্পন্ন করতে হবে তার জন্য সময় স্বল্পতা হেতু পিপিআর-২০০৮ অনুসরণ করা সম্ভব হয়নি মর্মে জবাব প্রদান করা হয়েছে তা গ্রহণযোগ্য নয়। মন্ত্রণালয়ের ১ম ও ২য় কিস্তি অর্থ ছাড়ের অবমুক্তির ক্লজ ৫ এর ক তে স্পষ্ট নির্দেশনা দেয়া আছে The

public procurement Act-2006 এবং The public procurement rules-2008 অনুযায়ী অর্থ ব্যয় করতে হবে। ৫ এর খ-তে অপারেশন প্ল্যানের সংস্থান অনুযায়ী ছাড়কৃত অর্থ ব্যয় করতে হবে এবং ৫ এর গ তে ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন। এমতাবস্থায় The public procurement rules-2008 অনুসরণ না করে ক্রয়কার্য সম্পাদনের এবং ষ্টক রেজিষ্টার ও বিতরণের প্রমাণক না থাকায় প্রকৃত ক্রয়ের বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ আবশ্যক।

- ✓ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ৩১-১২-২০১২ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২৪-০২-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। ২৮-০১-২০১৩ খ্রিঃ ও ০১-০৪-২০১৩ খ্রিঃ তারিখে জবাব পাওয়া যায়। জবাব গ্রহণযোগ্য না হওয়ায় পুনরায় পত্র প্রদান এবং সর্বশেষ ব্যবস্থা হিসাবে ০৯-০৭-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়। পরবর্তীতে ০৬-০৩-২০১৩ খ্রিঃ এবং ০৫-০৯-২০১৩ খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের আলোকে এ কার্যালয়ের মন্তব্য প্রদান করা হলে আর কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- ✓ তদন্ত পূর্বক বিধি বহির্ভূত এই ব্যয়ের সাথে জড়িত ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ পূর্বক আলোচ্য ব্যয় নিয়মানুগ করা/ অন্যথায় সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গ হতে সকল ক্ষতির অর্থ আদায় করে নিরীক্ষাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

**অনুচ্ছেদ নং-০২ ঃ**

শিরোনাম ঃ অনিয়মিতভাবে পোস্টার ছাপানো বাবদ ৩৭,২০,০০০.০০ টাকা খরচ।

**বিবরণ ঃ**

- ✓ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন আইডিএ অর্থায়নে বাস্তবায়িত হেলথ পপুলেশন এন্ড নিউট্রিশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম এর লাইন ডাইরেক্টর হেলথ এডুকেশন এন্ড প্রমোশনের ২০১১-২০১২ খ্রিঃ অর্থবছরের হিসাব ১৬-০৯-২০১২ খ্রিঃ হতে ২৯-১১-২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে লাইন ডাইরেক্টর এর কার্যালয়ে নিরীক্ষা করা হয়।
- ✓ নিরীক্ষাকালীন সময়ে বিল/ভাউচার, টেন্ডার, ওয়ার্ক প্ল্যান এবং অন্যান্য কাগজপত্র নিরীক্ষাকালে দেখা যায় যে, কর্তৃপক্ষ পোষ্টার ছাপানো বাবদ ৩৭,২০,০০০.০০ টাকা ব্যয় করায় নিম্নোক্ত অনিয়মগুলো পরিলক্ষিত হয়।

  ১. স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে একটি আধুনিক প্রিন্টিং প্রেস চালু থাকা সত্ত্বেও বিভিন্ন প্রকার পোষ্টার বাইরের প্রতিষ্ঠান হতে মুদ্রণ দেখিয়ে বর্ণিত অর্থ খরচ দেখানো হয়েছে।

  ২. আরো দেখা যায় যে, পোষ্টার ছাপানোর বিষয়ে কর্তৃপক্ষ উন্মুক্ত দরপত্র আহ্বান না করে বিভিন্ন কোটেশন সংগ্রহ করে একই প্রতিষ্ঠানকে প্রতিটি কার্যাদেশ প্রদান করেন যা পিপিআর-২০০৮ এর রুল ৬১ এর পরিপন্থী।

  ৩. উন্মুক্ত দরপত্র এড়ানোর জন্য ৫.০০ লক্ষ টাকার নিম্নে প্রতিটি কার্যাদেশ ও ভাউচার দাখিল করে উক্ত ব্যয় নির্বাহ করা হয়েছে যা পিপিআর-২০০৮ এর রুল ৬৯(১) এবং ৬৯(৪) এর পরিপন্থী।

- ✓ উপর্যুক্ত অনিয়মগুলোর কারণে প্রকৃতপক্ষে উক্ত খরচ নির্বাহ করা হয়েছে কিনা তা অডিটে নিশ্চিত হওয়া যায়নি।
- ✓ বিস্তারিত পরিশিষ্ট- “২” তে দেখানো হলো।
- ✓ এ সময়ে মোঃ আনোয়ার হোসেন এবং আব্দুল ওয়াহিদ আকন্দ লাইন ডাইরেক্টর হিসেবে দায়িত্বে ছিলেন।

**নিরীক্ষিত অফিসের জবাব ঃ**

- ✓ স্থানীয়ভাবে অডিট আপত্তি ইস্যু করলে পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তীতে জবাব দেয়া হবে বলে উল্লেখ করেন।
- ✓ ৩১-১২-২০১২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এক্সিট মিটিং এ প্রয়োজনীয় প্রমাণকসহ বি/এস জবাব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**নিরীক্ষার মন্তব্য ঃ**

- ✓ আলোচ্য বিষয়ে কোন জবাব পাওয়া যায় নি।
- ✓ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ৩১-১২-২০১২ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২৪-০২-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। ২৮-০১-২০১৩ খ্রিঃ ও ০১-০৪-২০১৩ খ্রিঃ তারিখে জবাব পাওয়া যায়। জবাবের প্রেক্ষিতে জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ০৯-০৭-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়। আর কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- ✓ বিষয়টি তদন্ত পূর্বক দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক সরকারি ক্ষতির অর্থ দায়ী ব্যক্তির নিকট হতে আদায় করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-০৩ ঃ

শিরোনাম ঃ উন্মুক্ত দরপত্র আহ্বান ব্যতীত বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ের জন্য ১,০৫,৬০,৩৮৫.০০ টাকা অনিয়মিতভাবে খরচ করা হয়েছে।

বিবরণ ঃ

- ✓ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন আইডিএ অর্থায়নে বাস্তবায়িত হেলথ পপুলেশন এন্ড নিউট্রিশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম এর (১) কমিউনিক্যাবল ডিজিস কন্ট্রোল এবং (২) নন কমিউনিক্যাবল ডিজিস কন্ট্রোল প্রোগ্রামের ২০১১-২০১২ খ্রিঃ অর্থ বছরের হিসাব ১৬-০৯-২০১২ খ্রিঃ হতে ২৯-১১-২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে লাইন ডাইরেক্টরের কার্যালয়, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকায় নিরীক্ষা করা হয়।
- ✓ নিরীক্ষাকালে অডিটযোগ্য রেকর্ডপত্র পর্যালোচনা করে দেখা যায় ক্যামিক্যাল রি-এজেন্ট ও স্টেশনারি ক্রয় এবং প্রিন্টিং কাজের জন্য মোট ১,০৫,৬০,৩৮৫.০০ টাকা উন্মুক্ত দরপত্র আহ্বান ব্যতীত কোটেশনের মাধ্যমে খরচ করা হয়েছে।
- ✓ পিপিআর-২০০৮ এর রুল-৬১(১) অনুযায়ী ৫ লক্ষ টাকার অতিরিক্ত ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র আহ্বান করা আবশ্যক হলেও প্রকল্প কর্তৃপক্ষ উক্ত রুল অনুসরণ করেননি।
- ✓ বিস্তারিত পরিশিষ্ট- "৩" তে দেখানো হলো।

নিরীক্ষিত অফিসের জবাব ঃ

- ✓ ২টি লাইন ডাইরেক্টর যথাঃ (1) Non- Communicable Diseases Control (NCDC) ৭৪,৩৫,৬১৫.০০ টাকা (2) Communicable Diseases (CDC) ৩১,২৪,৭৭০.০০ টাকাসহ মোট ১,০৫,৬০,৩৮৫.০০ টাকা আপত্তির জবাবে অর্থছাড়ের বিষয়টি উল্লেখ করা হয়েছে। সময় স্বল্পতার জন্য ও কর্মসূচী বাস্তবায়নের জন্য জরুরী ভিত্তিতে স্পট কোটেশনের মাধ্যমে মালামাল ক্রয় করা হয়েছে।
- ✓ ০৬-০৩-২০১৩ খ্রিঃ এবং ০৫-০৯-২০১৩ খ্রিঃ তারিখে ২টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। ত্রি-পক্ষীয় সভায় প্রমাণকসহ বিস্তারিত জবাব প্রদানের সিদ্ধান্ত হয়।

নিরীক্ষার মন্তব্য ঃ

- ✓ জবাব সন্তোষজনক নয়।
- ✓ পিপিআর-২০০৮ অনুসরণ না করায় তুলনামূলক বাজার দর সম্পর্কে নিশ্চিত হওয়া যায়নি।
- ✓ PIP তে বাজেট অনুযায়ী অপারেশনাল প্ল্যান (OP) অনুমোদন/পাশ হওয়ার পর। অর্থাৎ বছরের শুরুতে কখন কোন কাজ কখন হবে তার প্ল্যান করা হয়। যে কাজ অপারেশন প্ল্যান অনুযায়ী করতে হবে তার জন্য সময় স্বল্পতা হেতু পিপিআর-২০০৮ অনুসরণ করা সম্ভব হয়নি তা সঠিক নয়। অপরদিকে মন্ত্রণালয়ের ১ম ও ২য় কিস্তি অর্থ ছাড়ের অবমুক্তির ক্লজ ৫ এর ক তে স্পষ্ট নির্দেশনা দেয়া আছে The public procurement Act-2006 এবং The public procurement rules-2008 অনুযায়ী অর্থ ব্যয় করতে হবে। ৫ এর খ-তে অপারেশন প্ল্যানের সংস্থান অনুযায়ী ছাড়কৃত অর্থ ব্যয় করতে হবে এবং ৫ এর গ তে ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন। মন্ত্রণালয়ের উক্ত নির্দেশনা পরিপালিত হয়নি।

- ✓ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ৩১-১২-২০১২ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২৪-০২-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। ২৮-০১-২০১৩ খ্রিঃ ও ০১-০৪-২০১৩ খ্রিঃ তারিখে জবাব পাওয়া যায়। জবাবে নিষ্পত্তিমূলক মন্তব্য না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ০৯-০৭-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়। পরবর্তীতে ০৬-০৩-২০১৩ খ্রিঃ এবং ০৫-০৯-২০১৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের আলোকে এ কার্যালয়ের নিরীক্ষা মন্তব্য প্রদান করা হলেও আর কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- ✓ পিপিআর-২০০৮ অনুসরণ না করে খরচের ক্ষেত্রে দায়ী ব্যক্তিবর্গের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণপূর্বক নিরীক্ষাকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

- ✓ যথাযথ কর্তৃপক্ষের Post Facto Sanction, অন্যথায় আপত্তিকৃত অর্থ আদায় হওয়া প্রয়োজন।

**অনুচ্ছেদ নং-০৪ ঃ**

শিরোনাম ঃ বাজারদর অপেক্ষা অত্যধিক উচ্চ দরে এমএসআর ক্রয় করায় ৮১,৯৯,৬৫১.০০ টাকা অতিরিক্ত ব্যয় ।

**বিবরণ ঃ**

- ✓ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন আইডিএ অর্থায়নে বাস্তবায়িত হেলথ পপুলেশন এন্ড নিউট্রিশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম এর মাগুড়া সদর হাসপাতাল, ২৫০ শয্যার যশোর জেনারেল হাসপাতাল এবং ২৫০ শয্যার কুষ্টিয়া জেনারেল হাসপাতালের ২০১১-২০১২ খ্রিঃ অর্থবছরের হিসাব ১৬-০৯-২০১২ খ্রিঃ হতে ২৯-১১-২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়।
- ✓ নিরীক্ষাকালে বিল/ভাউচার এবং সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি হতে দেখা যায় যে, উপরোক্ত হাসপাতালসমূহে OTM এর পরিবর্তে RFQ পদ্ধতিতে বাজার দর অপেক্ষা অধিকতর উচ্চতর মূল্যে এমএসআর ক্রয় দেখানো হয়েছে (বাজার দর সংগ্রহ করা হয়েছে)।
- ✓ স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত স্ট্যান্ডার্ড দর এর বর্ণনায় এ মর্মে উল্লেখ রয়েছে যে, যদি কোন আইটেমের ক্ষেত্রে স্ট্যান্ডার্ড দর তালিকায় উল্লিখিত দর অপেক্ষা বাজার দর কম হয় সেক্ষেত্রে বাজার দরকে বিবেচনায় নিতে হবে। অথচ স্থানীয় কর্তৃপক্ষ উক্ত গাইড লাইন অনুসরণ করেনি।
- ✓ নিরীক্ষায় দেখা যায়, অবজারব্যান্ট কটন (৪০০-৪৫০ গ্রাম) এর বাজার দর @ ৬০.০০ টাকা অথচ ক্রয় দর @ ১৪৯.০০; রোলার ব্যান্ডেজ ৪´´ এর বাজার দর @ ৪.৬৭ টাকা অথচ ক্রয় দর @ ২৪.০০ টাকা; রোলার ব্যান্ডে ৬´´ এর বাজার দর @ ৭.০০ টাকা অথচ ক্রয় দর @ ৩৪.০০ টাকা; মাইক্রো স্প্রিং কেচি (সোজা) এর বাজার দর @ ৭৮০.০০ টাকা অথচ ক্রয় দর ২৭,৯৮০.০০ টাকা ইত্যাদি।
- ✓ এমএসআর ক্রয় করা হয় মোট ১,২৮,৯৬,৬৭৭.০০ টাকার (মাগুড়া ১০,৪৭,৯১৯.০০ + যশোর ৭,৬৭,০৫০.০০ + কুষ্টিয়া ১,১০,৮১,৭০৮.০০) অথচ ঐ সকল আইটেমের বাজার মূল্য ছিল ৪৬,৯৭,০২৫.৮২ টাকা (মাগুড়া ৬,৩২,৫৫১.৩০+যশোর ২,৫৬,২৪০.০০+কুষ্টিয়া ৩৮,০৮,২৩৪.৫০)।
- ✓ ফলে অতিরিক্ত খরচ হয় (১,২৮,৯৬,৬৭৭.০০ - ৪৬,৯৭,০২৫.৮২) =৮১,৯৯,৬৫১.১৮ টাকা।
- ✓ বিস্তারিত পরিশিষ্ট- "৪/১-৪/৩" তে দেখানো হলো।
- ✓ বর্ণিত সময়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নাম ও পদবী একই পরিশিষ্ট উল্লেখ করা আছে।

**নিরীক্ষিত অফিসের জবাব ঃ**

- ✓ দরপত্র আহ্বান করে এমএসআর ক্রয় করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ**

- ✓ জবাব সন্তোষজনক নয়।
- ✓ অডিটদল কর্তৃক সংশ্লিষ্ট এম.এস.আর এর মূল্য তালিকা সংগ্রহ করে আপত্তি উত্থাপন করা হয়েছে। দর বিশ্লেষণ করে দেখা যায় যে, বাজার দর অপেক্ষা অধিক মূল্যে এমএসআর ক্রয় করা হয়েছে। এ ছাড়া স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত স্ট্যান্ডার্ড দর এর বর্ণনায় এ মর্মে উল্লেখ রয়েছে যে, যদি কোন আইটেমের ক্ষেত্রে স্ট্যান্ডার্ড দর তালিকায় উল্লেখিত দর অপেক্ষা বাজার দর কম হয় সেক্ষেত্রে বাজার দরকে বিবেচনায় নিতে হবে। অথচ স্থানীয় কর্তৃপক্ষ উক্ত গাইড লাইন অনুসরণ করেননি। এমতাবস্থায় অতিরিক্ত পরিশোধিত অর্থ আদায় করা আবশ্যক।
- ✓ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ৩১-১২-২০১২ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২৪-০২-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। ২০-০৪-২০১৩ খ্রিঃ তারিখে একটি জবাব পাওয়া যায়। জবাব সন্তোষজনক না হওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ০৯-০৭-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়। পরবর্তীতে আর কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- ✓ অতিরিক্ত পরিশোধিত অর্থ দায়ী ব্যক্তিবর্গের নিকট আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## স্থানীয় সরকার বিভাগ

**অনুচ্ছেদ নং-০৫ঃ**

**শিরোনাম ঃ** ভ্যাট ও আয়কর বাবদ ৪,৩৬,২২,৫৪৮.০০ টাকা সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ**

✓ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন চট্টগ্রাম ওয়াসা কর্তৃক JBIC, জাপান এর অর্থায়নে বাস্তবায়িত "Karnaphuli Water Supply" প্রকল্পের ২০১১-২০১২ সনের হিসাব প্রকল্প পরিচালক, ওয়াসা ভবন, চট্টগ্রাম কার্যালয়ে ২৯-০১-২০১৩ খ্রিঃ হতে ১১-০২-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নিরীক্ষা করা হয়।

✓ কনসালটেন্সি প্রতিষ্ঠানের চুক্তিপত্র, ইনভয়েস, চাহিদাপত্র এবং তহবিল স্থানান্তরের আদেশসমূহ নিরীক্ষায় দেখা যায় কনসালটেন্সী প্রতিষ্ঠানকে পরিশোধিত অর্থ হতে আয়কর ও ভ্যাট বাবদ ৪০,৩৬,৪৫৬.০০ টাকা (আয়কর ২৭,৮৩,৭৬৪.০০ টাকা এবং ভ্যাট ১২,৫২,৬৯২.০০ টাকা) কর্তন করা হয়েছে। কিন্তু সরকারি কোষাগারে জমা করা হয়নি যা এনবিআর এর এস আরও নং-১৯৭-আইন/২০১১/৬১০-মূসক-১৮ খ তারিখ ২৯-০৬-২০১১ এর লঙ্ঘন। এবং (২) (ক) মেসার্স KOLON Engineering & Constrouction Ltd. Korea কে Execution of the Karnaphuli water supply project contract no KWSP C-3 reservious এবং (খ) মেসার্স China National Bejing Souad Co. & Ltd. JV কে Execution of water treadment plant KWSP C-1 এর কার্যাদেশ প্রদান করা হয়।

✓ অধিকন্তু ক্যাশ বই, বিল/ভাউচার এবং পরিমাপ বই নিরীক্ষা করে দেখা যায় ঠিকাদারকে ৩৭,৯৭,৯৯,৮৬৭.০০ টাকা পরিশোধ করা হয়েছে। কিন্তু তাদের নিকট হতে জিসিসি ক্লজ ১৪.বি অনুযায়ী ভ্যাট এবং আয়কর বাবদ ৩,৯৫,৮৬,০৯২.০০ টাকা (আয়কর ১,৮৬,৯৭,০৯৯.০০+ভ্যাট ২,০৮,৮৮,৯৯৩.০০) চট্টগ্রাম ওয়াসা কর্তৃক সরকারি কোষাগারে জমা করা হয়নি।

| ক্রমিক নং | যার নিকট হতে প্রাপ্য | জড়িত টাকা | পরিশিষ্ট |
|---|---|---|---|
| ১. | NJS Consultant Co.Ltd.,Japan | ৪০,৩৬,৪৫৬.০০ | বিস্তারিত পরিশিষ্ট-"৫"। |
| ২. | KOLON Engineering & Constrouction Ltd. Korea AND China National Bejing Souad Co. & Ltd. JV | ৩,৯৫,৮৬,০৯২.০০ | বিস্তারিত পরিশিষ্ট-"৬"। |
| | মোট = | ৪,৩৬,২২,৫৪৮.০০ | |

✓ প্রকল্পটি ডিসেম্বর' ২০১৩ খ্রিঃ তারিখে সমাপ্ত হয়েছে।

✓ জনাব মোঃ আবদুল করিম চৌধুরী প্রকল্প পরিচালক হিসেবে উক্ত সময়ে লেনদেনের দায়িত্বে নিয়োজিত ছিলেন।

**নিরীক্ষিত অফিসের জবাব ঃ**

✓ আপত্তির জবাবে প্রকল্প কর্তৃপক্ষ জানান যে, নথি পত্রাদি পরীক্ষা করে জবাব প্রদান করা হবে।

**নিরীক্ষার মন্তব্য ঃ**

✓ জবাব গ্রহনযোগ্য নয়।

✓ এনবিআর এর আদেশ লঙ্ঘন করা হয়েছে এবং সরকার রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে।

✓ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২২-০৪-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। জবাব না পাওয়ায় ২১-০৫-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। পরবর্তীতে জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ০৮-০৭-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়। তারপরও কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

✓ মাসিক ২% হারে জরিমানাসহ উক্ত অর্থ সরকারি কোষাগারে জমা আবশ্যক।

অনুচ্ছেদ নং-০৬ ঃ

**শিরোনাম ঃ** প্রকল্প তহবিল হতে প্রকল্প কার্যক্রমের বাহিরে ১০,০০,০০,০০০.০০ টাকা অন্য হিসাবে স্থানান্তর।

**বিবরণ ঃ**

- ✓ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন চট্টগ্রাম ওয়াসা কর্তৃক JBIC, জাপান এর অর্থায়নে বাস্তবায়িত "Karnaphuli Water Supply" প্রকল্পের ২০১১-২০১২ সনের হিসাব প্রকল্প পরিচালক, ওয়াসা ভবন, চট্টগ্রাম কার্যালয়ে ২৯-০১-২০১৩ খ্রিঃ হতে ১১-০২-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নিরীক্ষা কালে প্রকল্পের জিওবি তহবিলের অপারেটিং হিসাবের ব্যাংক বিবরণী (হিসাব নং-০০৪০০০৩২৭, জনতা ব্যাংক লিমিটেড, চট্টগ্রাম ওয়াসা শাখা, চট্টগ্রাম) বিস্তারিত পরীক্ষা করা হয়।
- ✓ প্রকল্পের ব্যাংক হিসাব বিবরণী নিরীক্ষা করে দেখা যায়, প্রকল্পের অপারেটিং হিসাব হতে ২৫-১০-২০১১ খ্রিঃ তারিখের ট্রান্সফার নং-১০১০৩৮২ এর মাধ্যমে ১০,০০,০০,০০০.০০ টাকা প্রকল্প বহির্ভূত হিসাব নং-এসটিডি-৩ তে স্থানান্তর করা হয়েছে এবং তাছাড়া উক্ত অর্থের ব্যয়ের কোন বিবরণ পাওয়া যায়নি। প্রকল্পটি ডিসেম্বর' ২০১৩ খ্রিঃ তারিখে সমাপ্ত হয়েছে।
- ✓ অর্থ মন্ত্রণালয় কর্তৃক ২৯-১২-২০০৪ খ্রিঃ তারিখের ৮৪৬ স্মারকের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকার ক্রমিক নং-১৯(১১) নির্দেশনা মোতাবেক প্রকল্পের কার্যক্রম ব্যতীত প্রকল্প তহবিল হতে কোন অর্থ স্থানান্তর করা যাবে না।
- ✓ জনাব মোঃ আবদুল করিম চৌধুরী প্রকল্প পরিচালক হিসেবে উক্ত সময়ে লেনদেনের দায়িত্বে নিয়োজিত ছিলেন ।

**নিরীক্ষিত অফিসের জবাব ঃ**

- ✓ প্রকল্প কর্তৃপক্ষ জানান যে, পর্যাপ্ত তথ্যাদিসহ পরবর্তীতে ব্রডশীট জবাব প্রদান করা হবে।

**নিরীক্ষার মন্তব্য ঃ**

- ✓ জবাব গ্রহনযোগ্য নয়।কেননা আর্থিক বিধি-বিধান সুস্পষ্ট লঙ্ঘন করা হয়েছে।
- ✓ সরকারের আর্থিক বিধি-বিধান লঙ্ঘন এর বিষয় উল্লেখ করে ২২-০৪-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। জবাব না পাওয়ায় ২১-০৫-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। পরবর্তীতে জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ০৮-০৭-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়। তারপরও কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- ✓ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত করে প্রকল্প তহবিল হতে অর্থ স্থানান্তরের কারণ এবং প্রকল্প তহবিলে জরুরী ভিত্তিতে উক্ত অর্থ সুদসহ ফেরৎ আনয়নপূর্বক নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-০৭ ঃ

শিরোনাম ঃ সিডি ভ্যাট বাবদ ছাড়কৃত ১৮,১৫,০০,০০০.০০ টাকা হিসাব চলতিতে জমা না করে প্রকল্পের অপারেটিং ব্যাংক হিসাবে জমা প্রদান ।

বিবরণ ঃ

- ✓ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন চট্টগ্রাম ওয়াসা কর্তৃক জেবিআইসি, জাপান এর অর্থায়নে বাস্তবায়িত "Karnaphuli Water Supply" প্রকল্পের ২০১১-২০১২ সনের হিসাব প্রকল্প পরিচালক, ওয়াসা ভবন, চট্টগ্রাম কার্যালয়ে ২৯-০১-২০১৩ খ্রিঃ হতে ১১-০২-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নিরীক্ষা করা হয়।
- ✓ নিরীক্ষায় দেখা যায় প্রকল্পের অপারেটিং ব্যাংক হিসাব নং-০০৪০০০৩২৭, জনতা ব্যাংক লিমিটেড, চট্টগ্রাম ওয়াসা শাখা, চট্টগ্রাম এবং সিডি ভ্যাট হিসাব নং- চট্টগ্রাম কাষ্টম হাউজের সোনালী ব্যাংক লিঃ, হিসাব চলতি নং-১৯৫ নামে দু'টি হিসাব রয়েছে।
- ✓ প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত অর্থ ছাড়ের পত্র নং-৭১৪ তারিখ ০৭-০৬-২০১২ খ্রিঃ পত্রে দেখা যায়, ১৮,১৫,০০,০০০.০০ টাকা সিডি ভ্যাট হিসাবে ছাড় করা হয় এবং উক্ত পরিমাণ অর্থ চট্টগ্রাম কাষ্টম হাউজের সোনালী ব্যাংক লিঃ, হিসাব চলতি নং-১৯৫ তে জমা করার জন্য বিশেষ নির্দেশনা প্রদান করা হয়।
- ✓ কিন্তু প্রকল্প কর্তৃপক্ষ উক্ত চেক নং-৪৬২০২৭৮ তারিখঃ ১৯-০৬-২০১২ খ্রিঃ এর মাধ্যমে বর্ণিত পরিমাণ অর্থ প্রকল্পের অপারেটিং হিসাবে জমা প্রদান করে।
- ✓ সিডি ভ্যাট বাবদ ছাড়কৃত অর্থ প্রকল্পের অপারেটিং হিসাবে জমা করা প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা ও অর্থ মন্ত্রণালয়ের ২৯-১২-২০০৪ খ্রিঃ তারিখের ৮৪৬ স্মারকের অর্থ ছাড় ও ব্যবহার সংক্রান্ত নির্দেশনার ক্রমিক নং-২ এর পরিপন্থী। তাছাড়া উক্ত অর্থের ব্যয়ের কোন বিবরণও পাওয়া যায়নি। প্রকল্পটি ডিসেম্বর' ২০১৩ খ্রিঃ তারিখে সমাপ্ত হয়েছে।
- ✓ জনাব মোঃ আবদুল করিম চৌধুরী প্রকল্প পরিচালক হিসেবে উক্ত সময়ে আর্থিক লেনদেনের দায়িত্বে নিয়োজিত ছিলেন ।

নিরীক্ষিত অফিসের জবাব ঃ

- ✓ প্রকল্প কর্তৃপক্ষ জানান যে, রেকর্ড পত্রাদি যাচাই করে পরবর্তীতে জবাব প্রদান করা হবে।

নিরীক্ষার মন্তব্য ঃ

- ✓ জবাব গ্রহনযোগ্য নয়। কেননা, সরকারি বিধিবিধান ও আর্থিক শৃঙ্খলার পরিপন্থী কাজ করা হয়েছে।
- ✓ সরকারের আর্থিক বিধিবিধান ও আর্থিক শৃঙ্খলার পরিপন্থীর বিষয় উল্লেখ করে ২২-০৪-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। জবাব না পাওয়ায় ২১-০৫-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। পরবর্তীতে জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ০৮-০৭-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়। তারপরও কোন জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ

- ✓ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক জরুরী ভিত্তিতে বিষয়টির তদন্ত এবং আর্থিক বিধি বিধান লঙ্ঘনকারী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।
- ✓ সিডি ভ্যাট বাবদ কর্তন কৃত অর্থ জমা করে নিরীক্ষাকে জানানো আবশ্যক।

অনুচ্ছেদ নং-০৮ ঃ

শিরোনাম ঃ জিওবি'র অব্যয়িত ৪০,৯০,০০০.০০ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি।

বিবরণ ঃ

- ✓ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ঢাকা ওয়াসা কর্তৃক এডিবি টিএ-৭০০১ ব্যান এর আর্থিক সহায়তায় বাস্তবায়িত "টেকনিকেল এসিসট্যান্স ফর ম্যানেজমেন্ট সাপোর্ট টু ঢাকা ওয়াসা" প্রকল্পের ২০১০-২০১১ অর্থ বৎসরের হিসাব ১৭-০৮-২০১১ হতে ২৪-০৮-২০১১ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়।
- ✓ ব্যাংক ও আর্থিক বিবরণী পরীক্ষান্তে পরিলক্ষিত হয় যে, ব্যয়ের পর অব্যয়িত জিওবি ৪০.৯০ লক্ষ টাকা জনতা ব্যাংক, ফার্মগেট কর্পোরেট শাখার হিসাব নং-০০৮০৩৬০০২৩১ এ রক্ষিত আছে।
- ✓ অর্থ মন্ত্রণালয়ের অর্থ ছাড় ও ব্যবহার সংক্রান্তে নীতিমালা/২০০৪ এর ১৪ নং-ক্রমিকের নির্দেশানুযায়ী অব্যয়িত জিওবি ৪০.৯০ লক্ষ টাকা ৩০ জুনের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি। প্রকল্পটি ২০১১ সালে সমাপ্ত হয়েছে।
- ✓ জনাব মোহাম্মদ শাহজাহান, উক্ত সময়ে প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্বে নিয়োজিত ছিলেন।

নিরীক্ষিত অফিসের জবাব ঃ

- ✓ প্রকল্প কর্তৃপক্ষ জবাবে জানান যে উক্ত অর্থ সরকারি কোষাগারে জমা দেয়া হবে।

নিরীক্ষার মন্তব্য ঃ

- ✓ জবাব সন্তোষজনক নয়। কেননা, অর্থ ছাড় ও ব্যবহার সংক্রান্ত নীতিমালা অনুসৃত হয়নি।
- ✓ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ২৯-১২-২০১১ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। জবাব না পাওয়ায় ১০-০৪-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। পরবর্তীতে জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ০৮-০৭-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয়। তারপরও কোন জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ

- ✓ অতিসত্ত্বর উক্ত অর্থ সুদসহ সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং-০৯ ঃ**

**শিরোনাম ঃ** Standard bidding document অর্নুযায়ী প্রাপ্যতা বহির্ভূতভাবে ৫৫,০০,০০০.০০ টাকা স্থানীয় এজেন্টকে পরিশোধজনিত ক্ষতি।

**বিবরণ ঃ**

✓ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ঢাকা ওয়াসা কর্তৃক এডিবি লোন নং- ২৩৮২ ব্যান (এসএফ) এর আর্থিক সহায়তায় বাস্তবায়িত "ঢাকা ওয়াটার সাপ্লাই সেক্টর ডেভেলপমেন্ট প্রকল্পের" ২০১১-২০১২ সনের হিসাব ২৫-০১-২০১৩ খ্রিঃ হতে ০৬-০২-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে প্রকল্প পরিচালক এর কার্যালয়ে নিরীক্ষা কার্য সম্পন্ন করা হয়।

✓ নিরীক্ষাকালে টেন্ডার ডকুমেন্টস, চুক্তিনামা, চূড়ান্ত বিল এবং সংশ্লিষ্ট অন্যান্য ডকুমেন্টস্ পরীক্ষাকালে দেখা যায় Procurement of Regular Valve (Gate Valve & Non-Return Valve) for DWASA under DWSSDP ক্রয়ের জন্য সরবরাহকারীকে এলসি নং-০২১৫১১০১০০০২ তারিখঃ ০৩-০১-২০১২, পূবালী ব্যাংক লিমিটেড, কাওরান বাজার শাখা, ঢাকা এর মাধ্যমে ইউএস ডলার $ ১৮০০৭৭০ পরিশোধ করা হয়েছে।

✓ টেন্ডার ডকুমেন্টস এর জিসিসি ক্লোজ-২৬.১ এবং ২৬.২ মোতাবেক চুক্তির সেকশন-vii, সিডিউল অব সাপ্লাই অনুযায়ী Valve "প্রস্তুতকারকের কারখানায় সকল প্রকার পরিদর্শন ও পরীক্ষা সংশ্লিষ্ট সকল ব্যয় সরবরাহকারী কর্তৃক নির্বাহ করবে"।

✓ কিন্তু তা না করে সরবরাহকারী মেসার্স টাইলিং ভাল্ব (গ্রুপ) ইন্ডাস্ট্রিজ ট্রেড কোং লিঃ, চায়না এর লোকাল এজেন্ট মেসার্স এস. এ ইঞ্জিনিয়ারিংকে ৫৫,০০,০০০.০০ টাকা প্রস্তুতকারক কারখানায় পারফরমেন্স টেস্টের জন্য অতিরিক্ত পরিশোধ করা হয়।

✓ এ কারণে ষ্ট্যান্ডার্ড বিডিং ডকুমেন্টস্ (টেন্ডার ডকুমেন্টস্) এর জিসিসি ক্লজ-২৬.১ ও ২৬.২ মোতাবেক প্রস্তুতকারক এর কারখানায় পারফরমেন্স টেষ্ট এর জন্য সরবরাহকারী কোন অর্থ প্রাপ্য নয়।

✓ ফলে চুক্তির শর্ত বহির্ভূতভাবে ৫৫,০০,০০০.০০ টাকা আদায়যোগ্য।

✓ জনাব মোহাম্মদ শাহজাহান উক্ত লেনদেনকালীন সময়ে প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্বে নিয়োজিত ছিলেন।

**নিরীক্ষিত অফিসের জবাব ঃ**

✓ প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক জবাবে জানানো হয়েছে যে, চুক্তির মূল্য সিডিউল মোতাবেক মালামাল প্রস্তুতকারকের কারখানায় পরীক্ষা কার্য সম্পাদনের জন্য সরবরাহকারী কর্তৃক দর উদ্ধৃত করা হয়েছে এবং তদানুসারে সরবরাহকারীকে পরিশোধ করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ**

✓ প্রকল্প কর্তৃপক্ষের জবাব গ্রহণযোগ্য নয়। কেননা, জি সি সি (চুক্তির সাধারণ শর্তাবলী) এর শর্ত ২৬.১ ও ২৬.২ (The Supplier shall at its own expense and at no cost to the Purchaser carry out all such tests and/or insections of the Goods and Related Services as are specified in Sections VI, Schedule of Supply) লঙ্ঘন করে মূল্য তালিকায় প্রস্তুতকারীর কারখানা পারফরমেন্স টেষ্ট সংক্রান্ত দর অন্তর্ভুক্ত এবং গ্রহণ করা হয়েছে।

✓ ষ্ট্যান্ডার্ড বিডিং ডকুমেন্টস এর শর্ত লঙ্ঘন করে ত্রুটিপূর্ণ চুক্তি সম্পাদনের জন্য চুক্তি স্বাক্ষরকারী (অনুমোদনকারী) কর্তৃপক্ষ দায়ী এবং এতে প্রকল্পের আর্থিক ক্ষতি করা হয়েছে।

✓ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৬-০২-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে জবাব প্রদানের জন্য ০৪-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। বিধায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ৩১-০৩-২০১৪ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয় এবং ০৪-০৬-২০১৪ খ্রিঃ তারিখে একটি জবাব পাওয়া যায়। জবাব সন্তোষজনক না হওয়ায় আপত্তি বহাল রাখা হয়।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

✓ সরকারি/প্রকল্পের অর্থ ক্ষতি সাধনের সুযোগদান এবং টেন্ডার ডকুমেন্টস এর জিসিসি শর্ত লংঘন করার জন্য দায়ী ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নিরীক্ষাকে অবহিত করা এবং আপত্তিকৃত টাকা আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা করে নিরীক্ষাকে জানানো আবশ্যক।

**অনুচ্ছেদ নং-১০ ঃ**

**শিরোনাম ঃ** Standard bidding document অনুযায়ী প্রাপ্যতা বহির্ভূতভাবে কার্য সম্পাদন, জামানত এবং অগ্রিম প্রদান গ্যারান্টি বাবদ ঠিকাদারকে ৩০,০০,০০০.০০ টাকা পরিশোধজনিত ক্ষতি।

**বিবরণ ঃ**

- ✓ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ঢাকা ওয়াসা কর্তৃক এডিবি লোন নং- ২৩৮২ ব্যান (এসএফ) এর আর্থিক সহায়তায় বাস্তবায়িত "ঢাকা ওয়াটার সাপ্লাই সেক্টর ডেভেলপমেন্ট প্রকল্পের" ২০১১-২০১২ সনের হিসাব ২৫-০১-২০১৩ খ্রিঃ হতে ০৬-০২-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে প্রকল্প পরিচালক এর কার্যালয়ে নিরীক্ষা কার্য সম্পন্ন করা হয়।
- ✓ নিরীক্ষায় সংশ্লিষ্ট টেন্ডার ডকুমেন্টস, কন্ট্রাক্ট এগ্রিমেন্ট, ইনভয়েস এবং অন্যান্য সংশ্লিষ্ট রেকর্ডস্ পত্রাদি পরীক্ষা কালে দেখা যায় যে, জিসিসি ক্লজ নং-১৩.১ ও ১৩.২ মোতাবেক ঠিকাদারকে তার নিজ খরচে উক্ত কার্য সম্পাদনের জন্য জামানত এবং অগ্রিম প্রদান গ্যারান্টি দাখিল করতে হবে।
- ✓ কিন্তু ইনভয়েস নং-০৭ হতে দেখা যায় যে, ন্যাশনাল কনস্ট্রাকশন কোং লিঃ কে চুক্তি নং- আইসিবি নং-০২.১-৭ এর অধীন কার্য সম্পাদন জামানত ১৫,০০,০০০.০০ টাকা এবং অগ্রিম প্রদান গ্যারান্টি বাবদ ১৫,০০,০০০.০০ টাকা মোট ৩০,০০,০০০.০০ টাকা পরিশোধ করা হয়েছে।
- ✓ এখানে উল্লেখ্য যে, প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র মূল্য তালিকায় কার্য সম্পাদন জামানত এবং অগ্রিম প্রদান গ্যারান্টির অর্থ দরপত্র সিডিউলে অন্তর্ভুক্ত করে স্ট্যান্ডার্ড বিডিং ডকুমেন্টস এর জিসিসি লংঘন করা হয়েছে এবং ঠিকাদার কে অপ্রাপ্য আর্থিক সুবিধা প্রদান করা হয়েছে। এ কারণে অনিয়মিতভাবে উক্ত অর্থ পরিশোধ করায় প্রকল্পের আর্থিক ক্ষতি করা হয়েছে।
- ✓ জনাব মোহাম্মদ শাহজাহান উক্ত লেনদেনকালীন সময়ে প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্বে নিয়োজিত ছিলেন।

**নিরীক্ষিত অফিসের জবাব ঃ**

- ✓ চুক্তি মোতাবেক কার্যসম্পাদন ও অগ্রীম প্রদত্ত গ্যারান্টি ঠিকাদার কর্তৃক জমা দেয়া হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ**

- ✓ জবাব গ্রহণযোগ্য নয়। কারণ, সিপিটিইউ এর দ্বারা নির্দিষ্টকৃত চুক্তির সাধারণ শর্ত লজ্ঘন করে এবং স্ট্যান্ডার্ড বিডিং ডকুমেন্টস (দরপত্র) এর সাধারণ শর্ত যেমন ১৩.১ (The Contractor shall provide the securities specified below in favor of the Employer at the times and in the amount, manner and form specified below) এবং ১৩.২ (The Contractor shall within twenty eight (28) days of the notification of contract award, provide a security in an amount equal to the abvance payment calculated in accordance with the Appendix (Terms and Procedures of Payment) to the Contract Agreement, and in the same currency or currencies) লজ্ঘন করে উক্ত আইটেমসমূহ ঠিকাদারের মূল্য তালিকায় অন্তর্ভূক্ত করে চুক্তি সম্পাদন করায় উক্ত অর্থ পরিশোধ করা হয়েছে।
- ✓ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৬-০২-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে জবাব প্রদানের জন্য ০৪-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। বিধায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ৩১-০৩-২০১৪ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয় এবং ০৪-০৬-২০১৪ খ্রিঃ তারিখে একটি জবাব পাওয়া যায়। জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- ✓ উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক বিষয়টি তদন্ত করে দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক গৃহীত ব্যবস্থা নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।
- ✓ সরকারী ক্ষতির অর্থ দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গ হতে আদায় করে নিরীক্ষাকে জানানো আবশ্যক।

অনুচ্ছেদ নং-১১ ঃ

শিরোনাম ঃ Standard bidding document অনুযায়ী প্রাপ্যতা বহির্ভূতভাবে বীমার জন্য ১৮,০০,০০০.০০ টাকা পরিশোধজনিত ক্ষতি।

বিবরণ ঃ

- ✓ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ঢাকা ওয়াসা কর্তৃক এডিবি লোন নং- ২৩৮২ ব্যান (এসএফ) এর আর্থিক সহায়তায় বাস্তবায়িত "ঢাকা ওয়াটার সাপ্লাই সেক্টর ডেভেলপমেন্ট প্রকল্পের" ২০১১-২০১২ সনের হিসাব ২৫-০১-২০১৩ খ্রিঃ হতে ০৬-০২-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে প্রকল্প পরিচালক এর কার্যালয়ে নিরীক্ষা কার্য সম্পন্ন করা হয়।
- ✓ নিরীক্ষাকালে সংশ্লিষ্ট টেন্ডার ডকুমেন্টস, ইনভয়েস এবং অন্যান্য ডকুমেন্টস পরীক্ষা করা হয়।
- ✓ জিসিসি নং-আইসিবি-০২.১-৭ এর ক্লোজ নং- ৩৪.১(এ) হতে (জি) এবং এপেনডিক্স-০৩ ইন্স্যুরেন্স রিকোয়ারমেন্টস মোতাবেক উক্ত ইন্স্যুরেন্সসমূহের সকল মূল্য এবং খরচ ঠিকাদার নির্বাহ করা এবং চুক্তির কাজ সম্পাদনের সময় ঠিকাদার তার নিজ খরচে বীমার ব্যয় বহন করার কথা।
- ✓ নিরীক্ষাযোগ্য ডকুমেন্টস হতে দেখা যায় যে, ইনভয়েস নং ০১ হতে ০৭ এর মাধ্যমে ৩০-০৬-২০১২ খ্রিঃ পর্যন্ত ইন্স্যুরেন্সের জন্য (পরিবহনকালীন সময়ে কার্গো বীমা, সকল স্থাপন ঝুঁকি বীমা, তৃতীয় পক্ষের দায় বীমা, অটোমোবাইলস্ দায় বীমা, শ্রমিকের ক্ষতিপূরণ বীমা, এমপ্লয়মেন্টস দায় বীমা এবং অন্যান্য বীমা) ঠিকাদার ন্যাশনাল কনস্ট্রাকশন কোং লিঃ কে ১৮,০০,০০০.০০ টাকা প্রদান করা হয়েছে।
- ✓ তাছাড়া মালামাল/সম্পদ, শ্রমিক, ডকুমেন্টস্ ইত্যাদি ঠিকাদারের তত্ত্বাবধানে থাকাকালীন সময়ে ঝুঁকি মোকাবেলার জন্য ইন্স্যুরেন্স সম্পাদন করতে হবে। এখানে উল্লেখ্য যে, বীমা কোম্পানী বীমা সংক্রান্ত সকল দাবী ঠিকাদারকে পরিশোধ করবে ক্রয়কারীকে নয় (ক্লোজ-৩৪.৭)।
- ✓ এ কারণে উক্ত পরিশোধ অনিয়মিতভাবে করা হয়েছে।
- ✓ জনাব মোহাম্মদ শাহজাহান উক্ত লেনদেনকালীন সময়ে প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্বে নিয়োজিত ছিলেন।

নিরীক্ষিত অফিসের জবাব ঃ

- ✓ প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক জানানো হয়েছে যে, চুক্তির আইটেম মোতাবেক ঠিকাদারকে ইন্স্যুরেন্স অর্থপরিশোধ করা হয়েছে।

নিরীক্ষার মন্তব্য ঃ

- ✓ জবাব গ্রহণযোগ্য নয়। কারণ, প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক ইন্স্যুরেন্স কভারেজ বাবদ ঠিকাদারকে অর্থ পরিশোধ জিসিসি অনুযায়ী গ্রহণযোগ্য নয়।
- ✓ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৬-০২-২০১৩ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে জবাব প্রদানের জন্য ০৪-০৭-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। বিধায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ৩১-০৩-২০১৪ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয় এবং ০৪-০৬-২০১৪ খ্রিঃ তারিখে একটি জবাব পাওয়া যায়। জবাব সন্তোষজনক না হওয়ায় আপত্তি বহাল রাখা হয়।

নিরীক্ষার সুপারিশ ঃ

- ✓ প্রাপ্যতা বহির্ভূতভাবে অর্থ পরিশোধের জন্য দায়-দায়িত্ব নির্ধারণ এবং আপত্তিকৃত অর্থ আদায় করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যক।

## শিক্ষা মন্ত্রণালয়

**অনুচ্ছেদ নং-১২ ঃ**

**শিরোনাম ঃ** জালিয়াতির মাধ্যমে আসবাবপত্র ক্রয়ে অতিরিক্ত ১৪,০০,০০০.০০ টাকা পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি।

**বিবরণ ঃ**

✓ শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক এডিবি ঋণ চুক্তি নং-২২৬৬ এর আর্থিক সহায়তায় বাস্তবায়িত "সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (এস.ই.এস.ডি.পি)" এর ২০১১-২০১২ অর্থ বৎসরের হিসাব ২১-০৯-২০১২ খ্রিঃ হতে ২৭-০৯-২০১২ খ্রিঃ ও ২৭-১১-২০১২ খ্রিঃ তারিখ পর্যন্ত নিরীক্ষা করা হয়।

✓ সংশ্লিষ্ট নথি ও রেকর্ডপত্র আরো পর্যালোচনান্তে দেখা যায় যে, ৩৫টি মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহের জন্য প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা হতে টেন্ডার আহ্বান করা হয়, যার টেন্ডার নং-১০৭৩, তারিখঃ ২৯-০১-২০১২ (প্যাকেজ নং-ফার্নিচার/এম.এম/২০১১/৪২)। উক্ত টেন্ডারে ০৫ জন দরপত্র দাতা অংশগ্রহণ করেছিল।

✓ টেন্ডার ওপেনিং সীট অনুযায়ী উল্লিখিত বিডারদের (সরবরাহকারী) মধ্য হতে মেসার্স মীম এন্টারপ্রাইজকে সর্বনিম্ন দরদাতা করা হয়েছে ও তার প্রস্তাবিত দর ছিল ৫০,৭০,৪৪০.০০ টাকা। অন্যান্য ০৪ জন দরদাতার দরপত্র মূল্য ছিল যথাক্রমে ৬২,২৩,০০০.০০ টাকা, ৬৬,২৯,০০০.০০ টাকা, ৮২,৮১,০০০.০০ টাকা এবং ৯১,১৭,৫০০.০০ টাকা।

✓ কিন্তু প্রধান প্রকৌশলীর কার্যালয়, ঢাকা কর্তৃক সরবরাহকারী মেসার্স মীম এন্টারপ্রাইজকে দরপত্র মূল্য ৫০,৭০,০০০.০০ টাকা থাকা সত্ত্বেও ৮০,৭০,৪৪০.০০ টাকায় কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ নং-৩০৬৯, তারিখঃ ০৫-০৬-২০১২ খ্রিঃ।

✓ প্রধান প্রকৌশলীর কার্যালয়, ঢাকা অফিসের টেন্ডার ডকুমেন্টস পরীক্ষান্তে দেখা যায় যে, ০৫ (পাঁচ) জন দরদাতার মধ্য হতে ০৩ (তিন) জন দরদাতার দরপত্র মূল্যে ঘষামাজা/কাটাকাটি করা হয়েছে, যার মূল্য যথাক্রমে ৮০,৭০,৪৪০.০০ টাকা, ৯০,২৩,০০০.০০ টাকা এবং ৮৭,২৯,০০০.০০ টাকা। উপরোক্ত ০৩ (তিন) জন দরদাতাসহ মেসার্স মীম এন্টারপ্রাইজ এর ১নং আইটেমের দর ৫,০০০.০০ টাকাকে ঘষামাজা করে ৭,০০০.০০ টাকা করা হয়।

✓ অধিকন্তু মেসার্স মীম এন্টারপ্রাইজের নামে প্রধান প্রকৌশলীর কার্যালয়ে ০২ (দুই)টি টেন্ডার সিডিউল পাওয়া যায়।

✓ ০২ (দুই)টি টেন্ডার সিডিউল এর ওপর একই তারিখের প্রকল্প কর্তৃপক্ষের ও ঠিকাদার মেসার্স মীম এন্টারপ্রাইজের স্বাক্ষর ছিল, যেখানে একটি টেন্ডার সিডিউলে ৫০,৭০,৪৪০.০০ টাকা এবং অপরটিতে ৮০,৭০,৪৪০.০০ টাকা উল্লেখ ছিল।

✓ কর্তৃপক্ষ কর্তৃক একই প্রতিষ্ঠানের ০২ (দুই)টি টেন্ডার কিভাবে বিবেচনায় নেয়া হয় তা অডিটের নিকট বোধগম্য নয়।

✓ তথ্যাদি হতে এটাই প্রমাণিত হয় যে, কর্তৃপক্ষ কর্তৃক যোগসাজশের মাধ্যমে দরপত্র মূল্য নির্ধারণ করা হয়েছে।

✓ সংশ্লিষ্ট কাজের বিল বিভিন্ন এডুকেশন ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট মাধমে প্রদান করা হয়েছে।

- ✓ অনুরূপ ভাবে নির্বাহী প্রকৌশলী, এডুকেশন ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের, নেত্রকোনা কার্যালয়ের রেকর্ডপত্র হতে দেখা যায় যে, "লতিফা আব্বাস আলিম মাদ্রাসায়" আসবাবপত্র তৈরী ও সরবরাহ বাবদ সরবরাহকারী মেসার্স মীম এন্টারপ্রাইজকে ২,৩০,৫৮৪.০০ টাকা প্রদান করা হয়েছে, যার ভাউচার নং-০৬, তারিখঃ ২৭-০৬-২০১২ খ্রিঃ।
- ✓ উক্ত সময়ে জনাব আব্দুল্লাহ হিল আজাদ, প্রধান প্রকৌশলী এবং জনাব মির্জা নজরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, ইইডি, নেত্রকোনা এর দায়িত্বে ছিলেন।

**নিরীক্ষিত অফিসের জবাব ঃ**

- ✓ কর্তৃপক্ষ জবাবে জানান দরপত্রে ঠিকাদারের যোগফলে ভুল থাকায় তা শুধু যোগফল ঠিক করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ**

- ✓ জবাব গ্রহনযোগ্য নয়। কেননা, ঠিকাদারের প্রস্তাবিত দর পরিবর্তন করার এখতিয়ার কারো নেই। অধিকন্তু প্রধান প্রকৌশলীর কার্যালয়, ঢাকা অফিসের টেন্ডার ডকুমেন্টস পরীক্ষান্তে দেখা যায় যে, ০৫ (পাঁচ) জন দরদাতার মধ্য হতে ০৩ (তিন) জন দরদাতার দরপত্র মূল্যে ঘষামাজা/কাটাকাটি করা হয়েছে, যার মূল্য যথাক্রমে ৮০,৭০,৪৪০.০০ টাকা, ৯০,২৩,০০০.০০ টাকা এবং ৮৭,২৯,০০০.০০ টাকা। উপরোক্ত ০৩ (তিন) জন দরদাতাসহ মেসার্স মীম এন্টারপ্রাইজ এর ১নং আইটেমের দর ৫,০০০.০০ টাকাকে ঘষামাজা করে ৭,০০০.০০ টাকা করা হয়। ফলে ২০০০.০০ (৭০০০ - ৫০০০) টাকা ৩৫টি মাদ্রাসার ২০টি বেঞ্চ হিসাবে ১৪,০০,০০০.০০ টাকা অতিরিক্ত পরিশোধ করা হয়েছে।
- ✓ সরকারের আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ৩১-১২-২০১২ খ্রিঃ তারিখে মন্ত্রণালয় এর সচিব বরাবর পত্র দেয়া হয়। পরবর্তীতে ২৭-০২-২০১৩ খ্রিঃ তারিখে তাগিদ পত্র জারি করা হয়। জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ২৪-০৪-২০১৩ খ্রিঃ তারিখে আধা সরকারি পত্র জারি করা হয় এবং ২০-০৫-২০১৩ খ্রিঃ তারিখের জবাব সন্তোষজনক না হওয়ায় অডিট আপত্তির সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য এ কার্যালয়ের মন্তব্য প্রদান করা হয়।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- ✓ বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাইপূর্বক দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ অতিরিক্ত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

স্বাক্ষরিত

এ কে এম জসীম উদ্দিন
মহাপরিচালক
বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর
ঢাকা।

তারিখ ২৫-০৩-১৪২২ বঙ্গাব্দ / ০৯-০৭-২০১৫ খ্রিস্টাব্দ



বাঃসঃমুঃ-২০১৪-১৫/৪৬৩৩কম/এ—৭০০ বই, ২০১৫।

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

## বার্ষিক অডিট রিপোর্ট

# ২০১১-২০১২

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়) এবং শিক্ষা মন্ত্রণালয় এর ২০১১-২০১২ অর্থ বছরের বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহের হিসাব সম্পর্কিত

## (দ্বিতীয় খন্ড)

## বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

## অনুচ্ছেদ-১
## পরিশিষ্ট-১

**শিরোনাম ঃ** সরকারি ক্রয় নীতি অনুসরণ না করে খুচরা ভাউচারের মাধ্যমে নগদে প্রশিক্ষণ সামগ্রী ক্রয়ে অনিয়মিত ব্যয় ৬,৬৬,০২,০০০.০০ টাকা।

| ক্রমিক নং | অফিসের নাম | সরবরাহকারীর নাম | সরবরাহকৃত মালামালের বিবরণ | জড়িত অর্থ |
|---|---|---|---|---|
| ১ | অধ্যাপক ডাঃ খোন্দকার মোঃ সিফায়েত উল্লাহ, লাইন ডাইরেক্টর, এনসিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর। | নাদিয়া পেপার এন্ড ষ্টেশনারী সাপ্লাই | ব্যাগ, কলম, ফোল্ডার | ৫,২৫,৩২,০০০.০০ |
| ২. | -ঐ- | রয়েল পেপার এন্ড ষ্টেশনারী সাপ্লাই | -ঐ- | ৯৪,২২,০০০.০০ |
| ৩. | -ঐ- | রয়েল তাজ এন্টারপ্রাইজ | -ঐ- | ৪৬,৪৮,০০০.০০ |
| | | | মোট ঃ | ৬,৬৬,০২,০০০.০০ |

# অনুচ্ছেদ-০২
# পরিশিষ্ট-০২

**শিরোনাম ঃ** অনিয়মিতভাবে পোস্টার ছাপানো বাবদ ৩৭,২০,০০০.০০ টাকা খরচ করা হয়েছে।

| ক্রমিক নং | কাকে পরিশোধ | দর (টাকা) | পোষ্টারের পরিমাণ | পরিশোধিত অর্থ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | বৈশাখী ক্রিয়েশন, ৮৬, পুরানা পল্টন, ঢাকা | ৯.৮০ | ১,০০,০০০ | ৯,৮০,০০০.০০ | |
| | | ৯.৯০ | ১,০০,০০০ | ৯,৯০,০০০.০০ | |
| | | ২৫.০০ | ৩০,০০০.০০ | ৭,৫০,০০০.০০ | |
| | | ৩.০০ | ১,০০,০০০ | ৩,০০,০০০.০০ | |
| | | ১০০০.০০ | ১০০০ | ৫,০০,০০০.০০ | |
| | | ৪০০.০০ | ৫০০ | ২,০০,০০০.০০ | |
| | | | মোট ঃ | ৩৭,২০,০০০.০০ | |

# অনুচ্ছেদ-০৩
## পরিশিষ্ট-০৩

**শিরোনাম ঃ** উন্মুক্ত দরপত্র আহ্বান ব্যতীত বিভিন্ন দ্রব্যাদি ক্রয়ের জন্য ১,০৫,৬০,৩৮৫.০০ টাকা অনিয়মিতভাবে খরচ করা হয়েছে।

| ক্রমিক নং | অফিসের নাম | সরবরাহকারীর নাম | বিবরণ | পরিশোধিত অর্থ (টাকা) |
|---|---|---|---|---|
| ১. | লাইন ডাইরেক্টর, এনসিডিসি স্বাস্থ্য অধিদপ্তর। | ক্রিস্টাল প্রিন্টিং এন্ড প্যাকেজিং | মুদ্রণ ও বাঁধানো | ২৯,৪৯,০০০.০০ |
| | | আশিক ট্রেড ইন্টারন্যাশনাল | মুদ্রণ ও বাঁধানো | ৯,৯৪,২০০.০০ |
| | | খসরু ট্রেড | মুদ্রণ ও বাঁধানো | ৪,৯৯,৫২০.০০ |
| | | এস কে এন্টারপ্রাইজ | মুদ্রণ ও বাঁধানো | ৪,৯৯,৮০০.০০ |
| | | মিজান এন্টারপ্রাইজ | মুদ্রণ ও বাঁধানো | ৪,৯৯,৫২০.০০ |
| | | মার্শাল ট্রেড | মুদ্রণ ও বাঁধানো | ৯,৯৯,২৭৫.০০ |
| | | এম কর্পোরেশন | মুদ্রণ ও বাঁধানো | ৯,৯৪,৩০০.০০ |
| | | | **সাব টোটাল ঃ** | ৭৪,৩৫,৬১৫.০০ |
| ২. | লাইন ডাইরেক্টর, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর। | এম বি ট্রেডিং, রয়েল তাজ এন্টারপ্রাইজ, এম এম ষ্টেশনারী ইত্যাদি | ব্যাগ (@ ৫৪০/-), কলম, পেড | ৯,০৬,৬০০.০০ |
| | -ঐ- কালাজ্বর প্রোগ্রাম | -ঐ- | -ঐ- | ২,৪০,০০০.০০ |
| | -ঐ- ম্যালেরিয়া কম্পোনেন্ট | জনতা ট্রেডার্স, সাজন বুক এন্ড ষ্টেশনারী | ব্যাগ (@ ৪৮৫/-), কলম, পেড | ৯,৮৮,০০০.০০ |
| | -ঐ- কালাজ্বর প্রোগ্রাম | মেসার্স মামুন এন্টারপ্রাইজ | এম এস আর | ৪,৯৫,০৮৫.০০ |
| | | মেসার্স ঢাকা ফার্মেসী | এম এস আর | ৪,৯৫,০৮৫.০০ |
| | | | **সাব টোটাল ঃ** | ৩১,২৪,৭৭০.০০ |
| | | | **সর্বমোট ঃ** | ১,০৫,৬০,৩৮৫০০ |

## অনুচ্ছেদ-০৪
## পরিশিষ্ট-০৪/১

**শিরোনাম ঃ** বাজারদর অপেক্ষা অধিকতর উচ্চ দরে এমএসআর ক্রয় করায় ৮১,৯৯,৬৫১.০০ টাকা অতিরিক্ত ব্যয় হয়।

### যশোর জেনারেল হাসপাতাল অংশ

| Sl. No. | Vr. No. & date | Name of procurred M.S.R. | Qty | Purchase rate | Total | Actual market rate | Total | Excess rate | Total excess | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 |
| 1 | 01, 24-5-12 | Micro spring seissors | 4 | 27980/- | 1,11,920/- | 780/- | 3120/- | 27200/- | 1,08,800/- | |
| | | Micro spring seisors (curved) 185 mm | 4 | 29980/- | 1,19,920/- | 780/- | 3120/- | 29200/- | 1,16,800/- | |
| | | Needle Holder with TC | 10 | 23475/- | 2,34,750/- | 2300/- | 23000/- | 21175/- | 2,11,750/- | |
| | | Ulrasonic Dental sector | 02 | 25480/- | 50,960/- | 13,500/- | 27000/- | 11980/- | 23,960/- | |
| | | Urine Collecting Bag | 10000 | 24/95/- | 2,49,500/- | 20/- | 2,00,000/- | 4/95 | 49,500/- | |
| | | | | **Sub Total:** | **7,67,050/-** | | | **2,56,240/-** | **5,10,810/-** | |

## অনুচ্ছেদ-০৪
## পরিশিষ্ট-০৪/০২

### মাগুরা সদর হাসপাতাল অংশ

| Sl. No. | Name of Item | Qty | Purchase rate | Total | Actual market rate | Total | Excess rate | Total excess | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **1** | **2** | **3** | **4** | **5** | **6** | **7** | **8** | **9** | **10** |
| 1 | Inj. Seftranion, 1gm | 3000 vial | 189/- | 5,67,000/- | 160/- | 4,80,000/- | 29/- | 87,000/- | |
| 2 | Abjorbant cotton (400–450 gram) | 1835 rate | 149/- | 2,73,415/- | 60/- | 1,10,100/- | 89/- | 1,63,315/- | |
| 3 | Roler Bandage 4” | 996 Pc. | 24/- | 23,904/- | 4/63 | 4,651.32 | 19.33 | 19,252.68 | |
| 4 | Roller Bandage 6” | 5400 Pc. | 34/- | 1,83,600/- | 7/- | 37,800/- | 27/- | 1,45,800/- | |
| | | **Sub Total:** | | **10,47,919/-** | | **6,32,551.32** | | **4,15,367.68** | |

## অনুচ্ছেদ-০৪
## পরিশিষ্ট-০৪/০৩

### ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, খুলনা/কুষ্টিয়া

| Sl. No. | Vr. No. & date | Name of procurred M.S.R. | Qty | Purchase rate | Total | Actual market rate | Total | Excess rate | Total excess | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 |
| 1 | 3, dt, 18-3-12 | Roler Bandage 3" | 2000Pc. | 20/- | 40,000/- | 6/- | 12,000/- | 14/- | 28,000/- | |
| | | Roler Bandage 4" | 2000Pc. | 25/- | 50,000/- | 6/- | 12,000/- | 19/- | 38,000/- | |
| | | Roller Bandage 6" | 2000Pc. | 35/- | 70,000/- | 8/- | 16,000/- | 27/- | 54,000/- | |
| 2 | 5, dt. 19-6-12 | I.V. Canula 18,20,24 | 20000Pc. | 35/- | 7,00,000/- | 12/- | 2,40,000/- | 23/- | 4,60,000/- | |
| | | Polish cutthuter (2 way) | 5000 pc. | 75/- | 3,75,000/- | 32/- | 1,60,000/- | 43/- | 2,15,000/- | |
| | | Sirinj 315 cc | 50000 pc. | 6/- | 3,00,000/- | 2.50 | 1,25,000/- | 3.50 | 1,75,000/- | |
| 3 | 01, dt. 27-5-12 | I.V. Canula 18,20,22 | 27000 | 35/- | 9,45,000/- | 12/- | 3,24,000/- | 23/- | 6,21,000/- | |
| | | Polish cutthuter (2 way) | 3000 | 75/- | 2,25,000/- | 32/- | 96,000/- | 43/- | 1,29,000/- | |
| | | Disposible Sirinj | 14833 | 6/- | 88,998/- | 2.50 | 37,082.50 | 3.50 | 51,915.50 | |
| 4 | 01, dt.18-3-12 | I.V. Canula 18,20,22 | 89486 pc. | 35/- | 31,32,310/- | 12/- | 10,73,832/- | 23/- | 20,58,178/- | |
| | | Polish cutthuter (2 way) | 3000 pc | 75/- | 2,25,000/- | 32/- | 96,000/- | 43/- | 1,29,000/- | |
| 5 | 6, dt.19-6-12 | Surgical gauge, per than 425-450meter (blased) | 4482 than | 275/- | 12,32,550/- | 90/- | 4,03,380/- | 185/- | 8,29,170/- | |
| | | Surgical Bandage, per than 475-500 gram (Blesed) | 4000 than | 275/- | 11,00,000/- | 90/- | 3,60,000/- | 185/- | 7,40,000/- | |
| 6 | 3, dt.18-3-12 | Abjorbant cotton (400 gram) | 2900 rate | 150/- | 435,000/- | 50/- | 1,45,000/- | 100/- | 2,90,000/- | |
| | | Surgical Bandage per than | 3500 than | 275/- | 9,62,500/- | 90/- | 3,15,000/- | 185/- | 6,47,500/- | |
| | | Surgical Bandage, per than 425-450 meter (Blased) | 3403 than | 275/- | 9,35,825/- | 90/- | 3,06,270/- | 185/- | 6,29,555/- | |
| 7 | 10, dt. 21-6-12 | Surgical gauge, per than | 500 than | 275/- | 1,37,500/- | 90/- | 45,000/- | 185/- | 92,500/- | |
| | | Surgical Bandage, per than | 463 than | 275/- | 1,27,325/- | 90/- | 41,670/- | 185/- | 85,655/- | |
| | | | | Sub Total : | 1,10,81,708/- | | 38,08,234.50 | | 72,73,473.50 | |
| | | | | Grant Total: | পরিশিষ্ট ০৫/০১-০৫/০৩ | | | | 81,99,651.00 | |

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

অনুচ্ছেদ-০৫
পরিশিষ্ট-০৫

**Statement showing VAT & Tax was deducted from the Consultancy firm but the same was not deposited into Govt. account.**

| Sl. No. | Name of the Consultancy firm | Claim no. & date | Amount paid | IT deducted @ 10% | VAT deducted @ 4.50% | Total VAT & Tax deducted | Remarks |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | (5+6)=7 | 8 |
| 1. | NJS Consultant Co. Ltd, JAPAN | kkc-08-007-41, 11.11.11 | 15,68,140.00 | 1,56,814.00 | 70,566.00 | 2,27,380.00 | |
| 2. | ,, | kkc-08-007-42, 11.10.11 | 15,11,340.00 | 1,51,134.00 | 68,010.00 | 2,19,144.00 | |
| 3. | ,, | kkc-08-007-43, 17.11.11 | 31,71,798.00 | 3,17,179.00 | 42,731.00 | 4,59,910.00 | |
| 4. | ,, | kkc-08-007-44, 14.12.11 | 17,14,590.00 | 1,71,459.00 | 77,157.00 | 2,48,616.00 | |
| 5. | ,, | kkc-08-007-45, 12.01.12 | 16,98,000.00 | 1,69,800.00 | 76,410.00 | 2,46,210.00 | |
| 6. | ,, | kkc-08-007-46, 12.03.12 | 6,90,161.00 | 69,016.00 | 31,057.00 | 1,00,073.00 | |
| 7. | ,, | kkc-08-007-47, 08.06.12 | 13,91,478.00 | 1,39,148.00 | 62,616.00 | 2,01,764.00 | |
| 8. | ,, | kkc-08-007-48, 08.06.12 | 22,56,850.00 | 2,22,685.00 | 1,01,558.00 | 3,27,243.00 | |
| 9. | ,, | kkc-08-007-49, 27.05.12 | 26,00,450.00 | 2,60,045.00 | 1,71,020.00 | 3,77,065.00 | |
| 10. | ,, | kkc-08-007-50, 08.06.12 | 24,23,650.00 | 2,42,365.00 | 1,09,064.00 | 3,51,429.00 | |
| 11. | ,, | kkc-08-007-51, 27.06.12 | 24,23,650.00 | 2,40,365.00 | 1,08,164.00 | 3,48,529.00 | |
| 12. | ,, | kkc-08-007-52, 16.06.12 | 64,07,537.00 | 6,40,754.00 | 2,88,339.00 | 9,29,093.00 | |
| | **Total =** | | **2,78,37,644.00** | **27,83,764.00** | **12,52,692.00** | **40,36,456.00** | |

অনুচ্ছেদ-০৫

পরিশিষ্ট-০৬

## Statement showing VAT & Tax was not deducted from those bills & deposited it not Govt. account.

| Sl. No. | Name of the Contractors | Name of the Works & Package No. | Letter of acceptance no. & date | Voucher No. & date | Cheque No. & date | Amount Paid | It should be deducted | VAT should be deducted | Total IT & VAT should be deducted |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | (8+9)=10 |
| 1. | Kolon Engineering & Constrouction Ltd. Korea. | Execution of the Karna phuli water supply project contract no KWSP C-3 reservious | No KWSP EE 2/49/10/43 date 29.12.2010 | 1034 date 3.10.11 | 2176067 3.10.11 | 6,56,80,258/- | 32,84,013/- | 36,12,414/- | 68,96,427/- |
| 2. | ,, | ,, | ,, | 1112 03.01.12 | 2176139 3.01.12 | 7,67,13,816/- | 38,35,691/- | 42,19,260/8- | 80,54,951/- |
| 3. | ,, | ,, | ,, | 1115 12.01.12 | 2176142 12.1.12 | 4,50,17,716/- | 22,50,886/- | 24,75,974/- | 47,26,860/- |
| 4. | ,, | ,, | ,, | 1170 20.03.12 | 2176194 20.3.12 | 6,60,63,356/- | 33,03,168/- | 36,33,485/- | 69,36,653/- |
| 5. | ,, | ,, | ,, | 1236 26.6.12 | 2176255 26.6.12 | 9,70,35,268/- | 48,51,763/- | 53,36,940/- | 1,01,88,703/- |
| 6. | China National Bejing Souad Co. & Ltd. JV | Execution of water treadment plant KWSP C-1 | No KWSP EE 1/16/08/401 date 24.05.2011 | 1207 16.5.12 | 2176227 16.5.12 | 1,68,49,782/- | 6,73,991/- | 9,26,738/- | 16,00,729/- |
| 7. | ,, | ,, | | 1249 30.6.12 | 2176268 306.12 | 1,24,39,673/- | 4,97,587/- | 6,84,182/- | 11,81,769/- |
| | **Total** | | | | | **37,97,99,869/-** | **1,86,97,099/-** | **2,08,88,993/-** | **3,95,86,092/-** |

# মহাপরিচালকের বক্তব্য

বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরের নিরীক্ষাধীন ০৩টি মন্ত্রণালয়ের [স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়) ও শিক্ষা মন্ত্রণালয়] বিভিন্ন প্রকল্পের ২০১১-২০১২ ও তদ্‌পূর্ববর্তী বছরের আর্থিক কর্মকান্ড নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট করা হয়েছে। এ রিপোর্টে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের যে সকল আর্থিক অনিয়ম অন্তর্ভুক্ত করা হয়েছে তা বিবেচ্য সময়ের অথবা পূর্ববর্তী সময়ের সমগ্র লেনদেনের যে ক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হয়েছে তারই প্রতিফলন মাত্র। এ রিপোর্টের আপত্তি ও মন্তব্য উদাহরণমূলক এবং তা কোন মতেই উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের আর্থিক শৃঙ্খলার মান সম্পর্কিত পূর্ণাঙ্গ চিত্র নয়। রিপোর্টটি দুই খন্ডে প্রণীত হয়েছে। প্রথম খন্ডের প্রথম অধ্যায়ে ম্যানেজমেন্ট ইস্যু এবং অডিট অনুচ্ছেদসমূহের সার-সংক্ষেপ এবং দ্বিতীয় অধ্যায়ে অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ প্রদান করা হয়েছে। মূল রিপোর্টের কলেবর বৃদ্ধি না করে আপত্তি সংশ্লিষ্ট প্রমাণক ও বিস্তারিত পরিসংখ্যান (পরিশিষ্টসমূহ) পৃথক একটি খন্ডে অর্থাৎ দ্বিতীয় খন্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এ রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়মগুলো পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত প্রতিষ্ঠানগুলোর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যাপ্ত না হওয়ায় অনিয়মগুলো সংঘটিত হয়েছে। অনিয়মসমূহ দূরীকরণের জন্য অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

স্বাক্ষরিত

এ কে এম জসীম উদ্দিন
মহাপরিচালক
বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর
ঢাকা।

তারিখ ২৫-০৩-১৪২২ বঙ্গাব্দ
০৯-০৭-২০১৫ খ্রিস্টাব্দ

বাঃসঃমুঃ-২০১৪-১৫/৪৬৩৪কম/এ—২০০ বই, ২০১৫।